

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Corporate Office : 3/C, New Baily Road, Ramna, Dhaka. Ph : 9345942, PABX: 8312757, 8317328,
E-mail : dcaa.2009@gmail.com Website: www.dcaadhaka.org

প্রচার পত্র নং - ২২/২০১৯

তারিখ : ০৩/১০/২০১৯ইং

সম্মানীয় সদস্যবৃন্দ,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, ঢাকা এর নথি নং- ৫(২০)১১/কাস-এজেন্ট/৮৭/১৪৩১৪(৩০) তারিখ- ০৩/১০/২০১৯ খ্রিঃ মোতাবেক পরবর্তী ০৫ (পাঁচ) বছর (২০২০-২০২৪) মেয়াদে সিএন্ডএফ এজেন্টস্ লাইসেন্স নবায়ন এবং কাস্টম সরকারদের পারমিট এর মেয়াদ নবায়ন সংক্রান্ত “বিজ্ঞপ্তি” আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রচার করা হইল।



(মোঃ হোসাইফ আলী ওসমানী)

প্রচার ও প্রকাশনা সম্পাদক

ফোন : ০১৭২৬-৭৮৮৩৩৪, ০১৬৭৫-৩৮৭০৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা।

নথি নং-৫(২০)১১/কাস-এজেন্ট/৮৭/১৪৩১৪(৩০)

তারিখ- ০৩/১০/২০১৯

“বিজ্ঞপ্তি”

দি কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা-২০১৬ এর বিধি-৯ এর বিধান মোতাবেক কাস্টম হাউস, ঢাকা'র আওতাধীন এয়ার ফ্রেইট ইউনিট এর যে সমস্ত কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্স এর মেয়াদ আগামী-৩১/১২/২০১৯ ইং তারিখে উত্তীর্ণ হবে, তা পরবর্তী ০৫ (পাঁচ) বছর (২০২০-২০২৪) মেয়াদে নবায়নের লক্ষ্যে ২৫/১০/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টম হাউস, ঢাকার বরাবরে আবেদনপত্র দাখিল করার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সিকে অনুরোধ জানানো হলো।

০২। নির্ধারিত তারিখের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদনপত্র না পাওয়া গেলে বা অসম্পূর্ণ কাগজপত্র দাখিলের কারণে নবায়ন সম্ভব না হলে ৩১/১২/২০১৯ইং তারিখ হতে মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা সম্ভব হবে না। On Line System এ মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স এর AIN No সমূহ স্বয়ংক্রিয়ভাবে Lock হয়ে যাবে। বর্ণিতাবস্থায়, মেয়াদ উত্তীর্ণের পূর্বেই জটিলতা এড়ানোর লক্ষ্যে লাইসেন্স নবায়ন কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে ৩১/১২/২০১৯ইং তারিখের মধ্যে যে, সকল কাস্টম সরকারদের পারমিট এর মেয়াদ শেষ হবে, তাদের পারমিটসমূহ পরবর্তী মেয়াদে নবায়নের লক্ষ্যে ২৫/১০/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সিকে অনুরোধ জানানো হলো।

লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি/কাগজপত্রাদি দাখিল করতে হবে :

- ০১। ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সম্বলিত লেটার হেড প্যাডে লাইসেন্স নবায়নের আবেদন, যা (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মূল মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;
- ০২। মূল লাইসেন্স/লাইসেন্স বুকলেট;
- ০৩। লাইসেন্স নবায়ন ফি বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা (ট্রেজারী চালান টি আর- ৬, যার কোড-১-১১৩১-০০০৫-১৮৫৪ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- ০৪। লাইসেন্স নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট এর টাকা (ট্রেজারী চালান টি আর- ৬, যার কোড-১-১১৩৩-০০১৫-০৩১১ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- ০৫। ট্রেড লাইসেন্স (হালনাগাদ নবায়িত) এর সত্যায়িত ফটোকপি;
- ০৬। আয়কর নির্ধারনী সনদ (TIN Certificate) ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ এর সত্যায়িত ফটোকপি;
- ০৭। বিগত মেয়াদের (২০১৬-২০১৯ পর্যন্ত) কার্য সম্পাদনের বিবরণী;
- ০৮। হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র (লাইসেন্সে উল্লিখিত ঠিকানা অনুযায়ী) এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে ১৫% ভ্যাট পরিশোধের চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৯। সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত হালনাগাদ মেম্বারশীপ সনদ;
- ১০। হালনাগাদ কাস্টম সরকার তালিকা;

কাস্টম সরকার পারমিট নবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি/কাগজপত্রাদি দাখিল করতে হবে :

- ০১। ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সম্বলিত লেটার হেড প্যাডে লাইসেন্স নবায়নের আবেদন, যা (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মূল মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;
- ০২। মূল পারমিট;
- ০৩। পারমিট নবায়ন ফি বাবদ প্রতি বছর ১০০/- (একশত) টাকা হারে (ট্রেজারী চালান টি আর- ৬, যার কোড-১-১১৩১-০০০৫-১৮৫৪ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- ০৪। পারমিট নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট এর টাকা (ট্রেজারী চালান টি আর- ৬, যার কোড-১-১১৩৩-০০১৫-০৩১১ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;

স্বাক্ষরিত/-০৩/১০/১৯

কাজী তৌহিদা আখতার

অতিরিক্ত কমিশনার

ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ।